

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৮ ১

তেলিয়ামুড়া, ৩১ অক্টোবর, ২০২৪

তেলিয়ামুড়ায় ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের এজেন্টদের নিয়ে কর্মশালা

তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ে গতকাল ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের এজেন্টদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক, ক্ষুদ্র সঞ্চয় শাখার শাখা আধিকারিক, ক্ষুদ্র সঞ্চয় ও পোস্ট অফিস পরিদর্শক এবং ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের এজেন্টগণ। কর্মশালায় ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা পূরণ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়াও কর্মশালায় প্রধানমন্ত্রী ফ্যাগশিপ প্রকল্প, এনবিএফসি ও সাইবার অপরাধ সম্পর্কে এজেন্টদের অবহিত করা হয়। কর্মশালায় জানানো হয়, গত অর্থবছরে স্বল্প সঞ্চয় প্রকল্পে তেলিয়ামুড়া মহকুমায় ২৯ কোটি ৩৭ লক্ষ টাকা সংগৃহীত হয়েছিল। চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা হচ্ছে ৩০ কোটি ৫০ লক্ষ টাকা। ইতিমধ্যেই ১০ কোটি ৪৯ লক্ষ টাকা সংগৃহীত হয়েছে।

\*\*\*\*\*